

AKASHVANI (AIR)

RNU : KOLKATA

Bengali Text Bulletin

Date 07-01-2025

Time: 7.50 P.M.

বিশেষ বিশেষ খবরঃ-

১) সাগরমেলাকে কেন্দ্র করে জলপথের মাধ্যমে অনুপ্রবেশ রোধে সংশ্লিষ্ট দপ্তরগুলিকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী সতর্ক থাকার নির্দেশ দিয়েছেন। আজ গঙ্গাসাগরে মেলার প্রস্তুতি খতিয়ে দেখার পাশাপাশি ২১৪ কোটি টাকারও বেশি কয়েকটি প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেছেন তিনি।

২) হিউম্যান মেটা নিউমো ভাইরাস নিয়ে সাধারণ মানুষের উদ্বেগের কোনো কারণ নেই বলে কেন্দ্রীয় সরকার জানিয়েছে।

৩) আসন্ন বিশ্ব বঙ্গ বাণিজ্য সম্মেলনের প্রস্তুতি পর্যালোচনায় রাজ্য সরকার আগামীকাল ফের বৈঠকে বসছে।

৪) রাজ্যপাল সি ভি আনন্দ বোস আজ উত্তর ২৪ পরগণার হিঙ্গলগঞ্জের বাকরায় বিএসএফ-এর এক অনুষ্ঠানে বলেছেন, সীমান্তরক্ষী বাহিনী ভারতের সম্পদ।

৫) বিচারাধীন বন্দীদের স্বস্তি দিতে কেন্দ্রীয় সরকার সবকটি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলকে ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ৪৭৯ নম্বর ধারা অবিলম্বে কার্যকর করার জন্য বলেছে।

সাগর মেলা কে কেন্দ্র করে জলপথের মাধ্যমে যাতে অনুপ্রবেশ না ঘটতে পারে সেজন্য মমতা ব্যানার্জি সংশ্লিষ্ট সকল দপ্তরকে সজাগ থাকার নির্দেশ দিয়েছেন। গঙ্গাসাগরে মেলার প্রস্তুতি খতিয়ে দেখে কলকাতা ফেরার আগে সাগর হ্যালিপাডে বিভিন্ন সরকারি প্রকল্পের উদ্বোধনী অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, উপকূল বাহিনীর এই বিষয়ে বেশি সজাগ থাকা প্রয়োজন। মুখ্যমন্ত্রী আজ সাগর থেকে দক্ষিণ ২৪ পরগনা জেলার ৩০টি প্রকল্পের উদ্বোধন এবং ১৯টি প্রকল্পের শিলান্যাস করেন। এর আনুমানিক আর্থিক মূল্য যথাক্রমে ১৫৩ কোটি টাকা ও ৬১ কোটি টাকা। এর মধ্যে রয়েছে, সুন্দরিকা, মনি ও পিয়ালী নদীর ওপর ৪০ কোটি টাকা ব্যয়ে নির্মিত সেতু, ১৭টি অঙ্গনওয়াড়ি কেন্দ্র নির্মাণ, ১২ কোটি টাকা ব্যয়ে বেশ কিছু নতুন জেটি ও ফেরিঘাট তৈরি, ৩৪ কোটি টাকা খরচে নির্মিত নতুন ও বর্ধিত রাস্তা। এর ফলে প্রায় ১৯ লক্ষ সাধারণ মানুষ উপকৃত হবেন।

এদিন মুখ্যমন্ত্রী জানান, সাগর মেলায় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ পরিষেবা নিশ্চিত করতে মুড়িগঙ্গা নদীর উপর দিয়ে লাইন টেনে সাগর অবধি করে দেওয়া হয়েছে। মেলাকে পরিবেশ বান্ধব করে তুলতে, পুণ্যার্থীদের পূজোর সামগ্রী দেওয়া হবে বায়োডিগ্রেডেবল ক্যারি ব্যাগে। কেউ গুরুতর অসুস্থ হয়ে পড়লে জরুরী পরিষেবার জন্য একটি এয়ার অ্যাম্বুলেন্স সব সময় তৈরি থাকবে। এছাড়াও চারটি ওয়াটার অ্যাম্বুলেন্স ও ১০০ টি সাধারণ এম্বুলেন্স মেলায় রাখা হচ্ছে।

বাইট

সাগরমেলায় আগত পুণ্যার্থী ও মোতায়ন কর্মীদের জন্য রাজ্য সরকার বীমার ব্যবস্থা করেছে বলেও মুখ্যমন্ত্রী জানান।

বাইট

হিউম্যান মেটানিউমো ভাইরাস নিয়ে আতঙ্ক ছড়িয়ে টাকা কামানোর জন্যে একটি চক্র জ্বর হলেই সাধারণকে ভয় দেখাচ্ছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি মন্তব্য করেছেন। দুই দিনের সফরে সাগর মেলার প্রস্তুতি খতিয়ে দেখে আজ গঙ্গাসাগর থেকে আকাশপথে হাওড়ার ডুমুরজলায় ফিরে এই নিয়ে সবাইকে সতর্ক থাকার কথা বলেন তিনি। এই ভাইরাস নিয়ে উদ্বেগের কোন কারন নেই, যদি সেই পরিস্থিতি তৈরি হয় তবে রাজ্য সরকার তা জানিয়ে দেবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

কেন্দ্রীয় স্বাস্থ্য সচিব পুন্যসলিলা শ্রীবাস্তব স্পষ্ট জানিয়েছেন, হিউম্যান মেটা নিউমো – HMP ভাইরাস থেকে সাধারণ মানুষের উদ্বেগের কোন কারন নেই। রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলির সঙ্গে এক ভার্চুয়াল বৈঠকে স্বাস্থ্য সচিব HMP ভাইরাস সংক্রমণজনিত ঘটনা এবং রোগ প্রতিরোধে দেশের ব্যবস্থাপনা পর্যালোচনা করেন। ইনফ্লুয়েঞ্জার মতো অসুস্থতা এবং সিবিআর অ্যাকিউট রেসপিরেটরি ইনফেকশন সারির মতো সংক্রমণের ক্ষেত্রে নজরদারি বাড়াতে পরামর্শ দেন তিনি। শ্রীমতী শ্রীবাস্তব বলেন, শীতের সময় সাধারণত শ্বাসযন্ত্রজনিত অসুস্থতা বাড়ে। যেকোন রকম রোগ বৃদ্ধির মোকাবিলায় দেশ প্রস্তুত বলেও আশ্বস্ত করেন তিনি। ইনফর্মেশন, এডুকেশন অ্যান্ড কমিউনিকেশন আই ই সি বৃদ্ধি এবং জনগণের মধ্যে সচেতনতা বাড়ানোর জন্যও পরামর্শ দেওয়া হয়েছে।

এদিকে, দেশে HMP ভাইরাস সংক্রমণের একাধিক খবর আসছে। মহারাষ্ট্রের নাগপুরে সাত এবং ১৩ বছরের দুটি বাচ্চার দেহে এই ভাইরাসের উপস্থিতি লক্ষ্য করা গেছে। তামিলনাড়ুতেও দু-জন HMP ভাইরাসে আক্রান্ত হয়েছেন। এদের মধ্যে একজন চেন্নাই এবং অন্যজন সালেমের বাসিন্দা।

অন্যদিকে, গুজরাটে একটি দু-মাসের শিশু এই ভাইরাসে সংক্রমিত। শিশুটির চিকিৎসার জন্য রাজস্থানের দুঙ্গারপুর থেকে আমেদাবাদ আসে। বর্তমানে তার চিকিৎসা চলছে। শারীরিক অবস্থা স্থিতিশীল।

আসন্ন বিশ্ববঙ্গ বানিজ্য সম্মেলনের প্রস্তুতি পর্যালোচনায় রাজ্য সরকার আরও এক দফা বৈঠকে বসতে চলেছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পৌরহিত্যে আগামীকাল দুপুরে নবান্নে প্রস্তাবিত এই বৈঠকে উপস্থিত থাকার জন্যে মুখ্যসচিব, স্বরাষ্ট্রসচিব, রাজ্য পুলিশের মহানির্দেশক, কলকাতার পুলিশ কমিশনার, রাজ্য শিল্প উন্নয়ন নিগম সহ সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের প্রশাসনিক কর্তাদের উপস্থিত থাকার নির্দেশ দেওয়া হয়েছে। এই সম্মেলনকে কেন্দ্র করে মুখ্যমন্ত্রী বিভিন্ন প্রশাসনিক কর্তাদের যে দায়িত্ব দিয়েছেন তার কাজ কতদূর এগিয়েছে বৈঠকে তা নিয়েও মুখ্যমন্ত্রী খোঁজখবর নেবেন বলে মনে করা হচ্ছে। উল্লেখ্য আগামী মাসের ৫ তারিখ দুই দিনের এই সম্মেলন আয়োজিত হচ্ছে।

এদিকে এই বৈঠকের আগে স্টুডেন্ট উইক উপলক্ষ্যে মুখ্যমন্ত্রী আলিপুরের ধনধান্য প্রেক্ষাগৃহে আয়োজিত এক সরকারি অনুষ্ঠানে রাজ্যের বিভিন্ন সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়ের বিভিন্ন স্তরের কৃতি ছাত্র ছাত্রীদের সঙ্গে মিলিত হবেন।

রাজ্যপাল সিভি আনন্দ বোস আজ উত্তর ২৪ পরগণার হিঙ্গলগঞ্জের বাকরায় বিএসএফ এর ১১৮ নম্বর ব্যাটালিয়নের শিবিরে একাধিক কর্মসূচিতে অংশ নিয়েছেন। তিনি আমার গ্রাম কর্মসূচির অঙ্গ হিসেবে গ্রামবাসীদের অভাব অভিযোগ শোনেন। অনুষ্ঠান শেষে সাংবাদিকদের রাজ্যপাল বলেন, বিএসএফ ভারতের সম্পদ। দেশবাসীর নিরাপত্তার স্বার্থে ভারতের সীমান্ত রক্ষী বাহিনী বহিঃশত্রুর আক্রমণ প্রতিহত করতে সব দিক দিয়ে প্রস্তুত।

বাইট

সুপ্রিম কোর্টে আজ রাজ্যের তিনটি গুরুত্বপূর্ণ মামলার শুনানি থাকলেও সবকটিই পিছিয়ে গেছে। বিচারপতি বি আর গাভাই এবং বিচারপতি অগাস্টিন জর্জ মাসিহ-র বেঞ্চে আজ ওবিসি শংসাপত্র মামলার শুনানি হওয়ার কথা ছিল। তা পিছিয়ে আগামী ২৮ শে জানুয়ারি শুনানির দিন স্থির হয়েছে। এরফলে গত ২২ শে মে কলকাতা হাইকোর্ট ২০১০ সালের পর থেকে রাজ্যের ইস্যু করা সব ওবিসি সার্টিফিকেট বাতিলের যে নির্দেশ দিয়েছিল, তা আপাতত বজায় রইল।

অন্যদিকে, এসএসসি চাকরি বাতিল সংক্রান্ত শুনানির পরবর্তী দিন স্থির হয়েছে আগামী ১৫ই জানুয়ারি। প্রধান বিচারপতি সঞ্জীব খান্না সব পক্ষকে পরবর্তী শুনানির মধ্যে হলফনামা জমা দিতে বলেছেন।

এদিকে, একইসঙ্গে আজ শীর্ষ আদালতে পিছিয়ে গেছে রাজ্য সরকারি কর্মচারীদের ডিএ সংক্রান্ত মামলার শুনানিও।

রাজ্যে স্কুল ছুটের সংখ্যা উল্লেখযোগ্যভাবে বেড়েছে বলে বিজেপি অভিযোগ করেছে। প্রাক্তন কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী তথা বিজেপি নেতা ডক্টর সুভাষ সরকার বলেছেন, রাজ্যে স্কুল ছুটের হার বর্তমানে ১২ শতাংশ, যা সারা দেশের নিরিখে অত্যন্ত খারাপ। কয়েকটি সংখ্যালঘু অধ্যুষিত জেলার পরিসংখ্যান তুলে ধরে তিনি বলেন, রাজ্য সরকার সংখ্যালঘুদের উন্নয়নের কথা বললেও বাস্তবে তা হয়নি। স্কুলছুট ছাত্ররা কাজের সম্মানে কোথায় যাচ্ছেন, সেই বিষয়ে খোঁজ খবর নেওয়া উচিত বলেও তিনি মন্তব্য করেন।

কেন্দ্রীয় সরকার বিচারাধীন বন্দীদের স্বস্তি দিতে সবকটি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলকে ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ৪৭৯ নম্বর ধারা অবিলম্বে কার্যকর করার জন্য বলেছে। এর আওতায় জেলে বিচারের অপেক্ষায় থাকা বন্দীদের সংখ্যা কমানো সম্ভব হবে। এই জন্য কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক সবকটি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্যসচিবদের চিঠি পাঠিয়েছে। নতুন আইনের আওতায় সর্বোচ্চ সাজার এক তৃতীয়াংশ মেয়াদ বিচারাধীন অবস্থায় কাটালে প্রথমবারের অপরাধীদের বন্ডের বিনিময়ে মুক্তি দেওয়া যাবে।

অনুপ্রবেশ নিয়ে আশঙ্কার মধ্যেই সীমান্তে কাঁটাতারের বেড়া দেওয়া নিয়ে সীমান্ত রক্ষী বাহিনী বিএসএফ ও বিজিবি-র মধ্যে অশান্তির জেরে আজ সকালে বিএসএফ ও বিজিবি-র মধ্যে একদফা আলোচনা হয়। অনুপ্রবেশ রুখতে সোমবার বিকেলে শুকদেবপুর এলাকায় পূর্ত সড়ক বিভাগ ও বিএসএফের তৎপরতায় কাঁটাতারের বেড়া

দেওয়ার কাজ চলছিল। অভিযোগ, তাতে বাধা দেয় বিজিবি। তা নিয়ে প্রবল উত্তেজনা ছড়িয়ে পড়ে। বর্তমানে এলাকার পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে বলেই প্রশাসন সূত্রে খবর।

ভাটপাড়া পুরসভার টেন্ডার দুর্নীতি মামলার তদন্তে সিআইডি, প্রাক্তন বিজেপি সাংসদ অর্জুন সিং-এর বিধায়ক পুত্র পবন সিং-কে জিজ্ঞাসাবাদের জন্য ডেকে পাঠিয়েছে। মঙ্গলবার দুপুর ১২টার মধ্যে তাকে ভবানীভবনে হাজির থাকতে বলা হয়েছে।

উল্লেখ্য, এই মামলায় ইতোমধ্যেই অর্জুন সিংকে একাধিকবার জেরা করেছে সিআইডি।

বীরভূমের রামপুরহাটের জঙ্গলে বিপুল পরিমাণে বিস্ফোরক উদ্ধার করেছে জেলা এনফোর্সমেন্ট বিভাগ। নির্দিষ্ট খবরের ভিত্তিতে এই অভিযান চালানো হয়। জঙ্গলের ভেতরে পরিত্যক্ত একটি ঘরে ঐ বিস্ফোরক মজুত রাখা ছিল। ২০ হাজার ডিটোনেটর এবং ১৫ হাজার জিলেটিন স্টিক উদ্ধার হয়েছে। বেআইনীভাবে পাথরখাদানের বিস্ফোরণের জন্য এই বিস্ফোরক কাজে লাগানো হত কিনা, তা জানার চেষ্টা করছেন আধিকারিকরা।

জাল পাসপোর্ট কাণ্ডে হুগলী থেকে এক ব্যক্তিকে গ্রেফতার করেছে গোয়েন্দা পুলিশ। ভাস্কর সামন্ত নামে ঐ ব্যক্তি খানাকুলের ঘাসুড়ার বাসিন্দা। আজ ভোরে বর্ধমান ডিআইবি বিভাগের আধিকারিকরা তাঁকে পাকড়াও করেন। এই নিয়ে বর্ধমান পুলিশ ৫ জনকে গ্রেপ্তার করলো।

ঝাড়গ্রামের নয়াগ্রামে আজ সকালে একটি হাতির মৃতদেহ উদ্ধার হয়েছে। নয়াগ্রাম ব্লকের মলম গ্রামে সর্ষে ক্ষেতের ভিতর হাতিটিকে দেখতে পেয়ে স্থানীয়রা বন দপ্তরে খবর দেয়। কিভাবে হাতিটির মৃত্যু হল, তা এখনও জানা যায়নি। এলাকায় হাতি মৃত্যু এবং নিয়মিত বুনো হাতির হামলাতে বন দপ্তরের ওপর ক্ষুব্ধ স্থানীয় মানুষজন।

রাজ্যে আগামী কয়েকদিন তাপমাত্রার পারদ ফের নিম্নমুখী থাকবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। দক্ষিণবঙ্গের অন্যান্য জেলাগুলিতেও তাপমাত্রা হ্রাসের সম্ভাবনা রয়েছে। ঘন কুয়াশা থাকতে পারে কয়েকটি জেলায়।

এদিকে আজ কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিকের চেয়ে দুই দশমিক ৩ ডিগ্রি সেলসিয়াস বেড়ে হয়েছে ১৬ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস। বেড়েছে সর্বোচ্চ তাপমাত্রাও। স্বাভাবিকের প্রায় ১ ডিগ্রি বেড়ে হয়েছে ২৫ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস।

পশ্চিমবঙ্গ বিধানসভার প্রাক্তন বিধায়ক অধ্যাপক জীবন মুখোপাধ্যায় প্রয়াত। কলকাতার একটি হাসপাতালে আজ সকালে তাঁর মৃত্যু হয়। মৃত্যুকালে বয়স হয়েছিল ৭৫। বিদ্যাসাগর কলেজের ইতিহাস বিভাগে অধ্যাপনা করেছেন তিনি। মাধ্যমিক থেকে স্নাতকোত্তর স্তর পর্যন্ত তাঁর রচিত ইতিহাস বইগুলি ছাত্রছাত্রীদের মধ্যে জনপ্রিয়। ভারতের স্বাধীনতা সংগ্রাম কিছু কাহিনী, শতরূপে মা সারদা সহ তার লেখা বিভিন্ন বই গবেষক মহলে সমাদৃত। ২০১১ থেকে ২০২১ সাল পর্যন্ত তিনি সোনারপুর দক্ষিণ বিধানসভা কেন্দ্রের বিধায়ক ছিলেন। আগামীকাল তার শেষকৃত্য সম্পন্ন হবে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বিধায়ক জীবন মুখোপাধ্যায়ের মৃত্যুতে গভীর শোক প্রকাশ
করেছেন।
